

স্বাস্থ্য মন্ত্রণালয়

সামাজিক জনসংখ্যাগত তথ্য সংগ্রহ, ব্যবহার এবং প্রকাশের জন্য সম্মতি

স্বাস্থ্য মন্ত্রণালয় কোভিড-১৯ টীকা পাওয়া ব্যক্তিদের কাছ থেকে সামাজিক জনসংখ্যাগত তথ্য সংগ্রহ করছে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তাদের জাতি, জাতিভুক্তি, আয়, পরিবারের আকার এবং ভাষা সম্পর্কে তথ্য।

আপনি যদি স্বাস্থ্য মন্ত্রণালয়কে এই তথ্য দেওয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেন, তাহলে স্বাস্থ্য মন্ত্রণালয় অনটরিওতে কীভাবে টীকা বিতরণ এবং প্রচার করা হবে এবং প্রয়োজনীয় অন্যান্য উদ্দেশ্যে পরিকল্পনার জন্য, যা আইন দ্বারা অনুমোদিত, সেই উদ্দেশ্যে এটি ব্যবহার এবং প্রকাশ করা হবে।

স্বাস্থ্য মন্ত্রণালয় এই তথ্য ব্যবহার করে যে রিপোর্ট তৈরি করবে তা প্রকাশ্যে উপলব্ধ করা হবে। এই রিপোর্টগুলিতে এমন কোনও তথ্য অন্তর্ভুক্ত করা হবে না যার দ্বারা আপনাকে সনাক্ত করা যেতে পারে। স্বাস্থ্য মন্ত্রণালয় নিশ্চিত করবে যে এই তথ্য দায়িত্বশীলভাবে ব্যবহার করা হবে এবং মানুষের গোপনীয়তাকে বজায় রাখতে সম্মান দেবে।

আপনার প্রদান করা যে কোনও তথ্য কোভ্যাক্স (COVax) সিস্টেমে সংরক্ষণ করা হবে এবং টিকাকরণ ক্লিনিকগুলিতে স্বাস্থ্য সেবা প্রদানকারীদের কাছে উপলব্ধ হবে। কোভ্যাক্স (COVax) হোল স্বাস্থ্য মন্ত্রণালয়ের হেফাজতে ও নিয়ন্ত্রণাধীন একটি স্বাস্থ্য রেকর্ড ব্যবস্থা।

এই তথ্য প্রদান করা সম্পূর্ণ স্বেচ্ছামূলক।

আপনি না চাইলে আপনাকে এই তথ্য প্রদান করতে হবে না। আপনি সম্মতি না দিলে আপনাকে কোভিড-১৯ টীকা বা অন্য কোনও পরিষেবা থেকে বঞ্চিত করা হবে না। আপনি কিছু বা সমস্ত প্রশ্নের উত্তর দিতে পারেন অথবা কোনও প্রশ্নেরই উত্তর দিতে নাও পারেন।

আপনি যদি আপনার তথ্য প্রদান করেন এবং তারপরে ভবিষ্যতে এটি ব্যবহার করা সম্পর্কে আপনার মন পরিবর্তন করেন তবে আপনি স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে অনুরোধ করতে পারেন যে আপনার সামাজিক জনসংখ্যাগত তথ্য যাতে ব্যবহার বা প্রকাশ করা না হয়।

আপনি স্বাস্থ্য মন্ত্রণালয়কে ইমেল করে এটি জানাতে পারেন, এই ইমেলে ConsentWD@ontario.ca.

আপনি কি স্বাস্থ্য মন্ত্রণালয়ে আপনার তথ্য প্রদান করবেন বলে সম্মতি দিচ্ছেন?

আমি বর্ণিত উদ্দেশ্যে আমার সামাজিক জনসংখ্যাগত তথ্য প্রদান করতে সম্মতি জানাচ্ছি।

আপনার জাতিগত বা জনসাংস্কৃতিক উৎস(গুলি) কী?

উদাহরণস্বরূপ: কানাডিয়ান, চীনা, পূর্ব ভারতীয়, ইংরেজ, ইতালীয়, ফিলিপিনো, স্কটিশ, আইরিশ, পর্তুগিজ, জার্মান, পোলিশ, ডাচ, ফরাসী, জামাইকান, পাকিস্তানী, ইরানী, শ্রীলঙ্কান, কোরিয়ান, ইউক্রেনীয়, লেবানিজ, গুয়ানিজ, সোমালি, কলম্বিয়ান, ইহুদি, ইত্যাদি।

কোনটি আপনাকে সবচেয়ে সঠিক ভাবে বর্ণনা করে? প্রযোজ্য সবগুলি বেঁছে নিন।

ভিন্নধরনের জাতি	বিবরণ/উদাহরণ
<input type="checkbox"/> স্ল্যাক	আফ্রিকান, আফ্রো-ক্যারিবিয়ান, আফ্রিকান-কানাডিয়ান বংশোদ্ভূত
<input type="checkbox"/> পূর্ব এশিয়ান	চীনা, কোরিয়ান, জাপানি, তাইওয়ানীয় বংশোদ্ভূত
<input type="checkbox"/> দক্ষিণ-পূর্ব এশিয়ান	ফিলিপিনো, ভিয়েতনামী, ক্যাম্বোডিয়ান, থাই, ইন্দোনেশিয়ান, অন্যান্য দক্ষিণ-পূর্ব এশীয় বংশোদ্ভূত
<input type="checkbox"/> ল্যাটিনো	ল্যাটিন আমেরিকান, হিস্প্যানিক বংশোদ্ভূত
<input type="checkbox"/> মধ্যপ্রাচ্য	আরব, ফার্সি, পশ্চিম এশীয় বংশোদ্ভূত, যেমন আফগান, মিশরীয়, ইরানী, লেবানিজ, তুর্কি, কুর্দিশ, ইত্যাদি।
<input type="checkbox"/> দক্ষিণ এশিয়ান	দক্ষিণ এশীয় বংশোদ্ভূত, যেমন পূর্ব ভারতীয়, পাকিস্তানি, বাংলাদেশী, শ্রীলঙ্কান, ইন্ডো-ক্যারিবিয়ান, ইত্যাদি।
<input type="checkbox"/> সাদাবর্ণ	ইউরোপীয় বংশোদ্ভূত
<input type="checkbox"/> অন্য কোন ভিন্ন জাতি	অনুগ্রহ করে নির্দিষ্টভাবে উল্লেখ করুন:
গত বছর কর যোগ করার আগে আপনার মোট পারিবারিক আয় কত ছিল? একটি বেঁছে নিন।	<input type="checkbox"/> \$০-\$২৯,৯৯৯ <input type="checkbox"/> \$১০০,০০০ - \$১৪৯,৯৯৯ <input type="checkbox"/> \$৩০,০০০ - \$৪৯,৯৯৯ <input type="checkbox"/> \$১৫০,০০০ বা আরও বেশী <input type="checkbox"/> \$৫০,০০০ - \$৬৯,৯৯৯ <input type="checkbox"/> জানি না <input type="checkbox"/> \$৭০,০০০ - \$৯৯,৯৯৯ <input type="checkbox"/> উত্তর দিতে ইচ্ছুক নই
নিজেকে সহ, কতজন সদস্য নিয়মিত ভাবে আপনার পরিবারে বাস করেন?	<input type="checkbox"/> ১ <input type="checkbox"/> ২ <input type="checkbox"/> ৩ <input type="checkbox"/> ৪ <input type="checkbox"/> ৫ <input type="checkbox"/> ৬ অন্যান্য: <input type="checkbox"/> জানি না <input type="checkbox"/> উত্তর দিতে ইচ্ছুক নই

শেষে আপনি বাড়িতে প্রথম কী ভাষা শিখেছিলেন এবং এখনও তা বুঝতে পারেন? অনুগ্রহ করে বুঝিয়ে বলুন:

ইংরেজি না ফরাসী, কানাডার কোন সরকারী ভাষাটিতে আপনি সবচেয়ে স্বাচ্ছন্দ্যবোধ করেন?	<input type="checkbox"/> ফরাসী <input type="checkbox"/> জানি না <input type="checkbox"/> ইংরেজি <input type="checkbox"/> কোনোটাই না <input type="checkbox"/> ইংরেজি এবং ফরাসী <input type="checkbox"/> উত্তর দিতে ইচ্ছুক নই উভয়ই
--	--